

বিষয়ঃ ইনোভেশন টিম “সংক্রান্ত সভার কার্যবিবরণী।

চীফ ইনোভেশন অফিসার	:	কমডোর ইয়াহুইয়া সৈয়দ, নিঃপঃ (অর্থ) (অঃদাঃ)
সভার তারিখ ও সময়	:	১৯-০৬-২০১৯খ্রিঃ বেলাঃ ৩.০০ ঘটিকা
সভার স্থান	:	কনফারেন্স রুম, প্রধান কার্যালয়
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট “ক”

সভার প্রারম্ভে চীফ ইনোভেশন অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি ও চীফ ইনোভেশন অফিসার সভার শুরুতে ইনোভেশন এর গুরুত্ব সম্পর্কে আলোকপাত করেন।

০২। অতঃপর সভাপতি সদস্য-সচিবকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। আলোচনার শুরুতে সদস্য-সচিব গত ৩০-০৪-২০১৯খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীতে কোন সংশোধন ও সংযোজন না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। সদস্য-সচিব সভায় জানান যে, পূর্ববর্তী সভায় ইনোভেশন কমিটির সকলে একমত পোষণ করেন যে, মন্ত্রণালয়ে বিএসসি'র পক্ষ হতে “ জাহাজে ষ্টোর ব্যবস্থাপনা ও মেরামত সংক্রান্ত সেবা সহজীকরণ” ইনোভেশন শোকেসিং এ প্রদর্শিত হবে। সে মোতাবেক মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত শোকেসিং এ তা প্রদর্শিত হয় এবং তা সকলের নিকট প্রদর্শিত হয়। অতঃপর সদস্য-সচিব জানান যে, বিএসসি এ অর্থ বছরে ২টি ইনোভেশন যথাযথভাবে বাস্তবায়ন করেছে। সভাপতি বাস্তবায়িত ইনোভেশন সম্পর্কে বিস্তারিত জানতে চান। তৎপ্রেক্ষিতে সদস্য-সচিব জাহাজ মেরামত বিভাগের সহকারী ব্যবস্থাপক জনাব আবু মোঃ সফিউল আলমকে জাহাজ মেরামত বিভাগ কর্তৃক গৃহীত প্রকল্পটি এবং মেরিন ওয়ার্কশপ হতে গৃহীত প্রকল্পটি সহকারী ব্যবস্থাপক জনাব মানজুর-ই-মাওলা শিহাব-কে পর্যায়ক্রমে উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সভাপতি ইনোভেশন ২টি সম্পর্কে বিস্তারিতভাবে অবহিত হোন এবং সন্তোষ প্রকাশ করেন। পাশাপাশি সভাপতি বিএসসি মেরিন ওয়ার্কশপের মতো প্রধান কার্যালয়ে কর্মকর্তা ও কর্মচারীগণের উপস্থিতির সময় সম্মিলিত ডিজিটাল মনিটরিং ব্যবস্থা বাস্তবায়নের জন্য প্রশাসন বিভাগকে নির্দেশনা প্রদান করেন।

০৪। সভায় সদস্য-সচিব জানান আগামী অর্থ বছরের জন্য ২/৩টি নতুন ইনোভেশন প্রকল্প পাইলট আকারে গ্রহণ করার জন্য ইনোভেশন কর্মপরিকল্পনার নির্দেশনা আছে। এ বিষয়ে সভাপতি বিস্তারিত আলোচনা পর্যালোচনা করে নতুন অর্থ বছরে নবাগত কর্মকর্তাদের ইনোভেশন কর্মকান্ডের সাথে সম্পৃক্ত হতে উৎসাহিত করে বলেন যে, যারা ইনোভেশন প্রকল্প গ্রহণ করবেন তাদের প্রণোদনা ও পুরস্কার স্বরূপ বিদেশ ট্যুরে/প্রশিক্ষণে পাঠানোর ব্যবস্থা গ্রহণ করা হবে। পাশাপাশি আগামী অর্থ বছরে নবাগত সহকারী ব্যবস্থাপকদের ইনোভেশন প্রকল্প গ্রহণের জন্য ও তিনি নির্দেশনা প্রদান করেন।

০৫। অতঃপর সদস্য-সচিব আগামী ২৩-০৬-২০১৯খ্রিঃ তারিখ এ বিষয়ে কক্সবাজারে অনুষ্ঠিতব্য ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ কর্মশালাতে প্রতিনিধি প্রেরণের ব্যাপারে আলোকপাত করেন। এ বিষয়ে সভাপতি ০২ (দুই)জন নবাগত সহকারী ব্যবস্থাপক জনাব মোঃ শামীম আহমেদ (পরিকল্পনা বিভাগ) ও এজিএম সাইফুর রহমান চৌধুরী(এসএসএম)বিভাগ-দ্বয়কে প্রশিক্ষণার্থী হিসাবে প্রেরণের অনুমোদন প্রদান করেন।

A